

আমি যাব না গো অমনি চলে । মালা তোমার দেব গলে ॥
অনেক সুখে অনেক দুখে তোমার বাণী নিলেম বুকে,
ফাগুনশেষে যাবার বেলা আমার বাণী যাব বলে ॥
কিছু হল, অনেক বাকি । ক্ষমা আমায় করবে না কি ।
গান এসেছে সুর আসে নাই, হল না যে শোনানো তাই—
সে-সুর আমার রইল ঢাকা নয়নজলে ॥

Parjaay: Prem, Taal: Khemta, Style: Pilu-Baul
Visit www.geetabitan.com for notation and other detail